দৈনিক ইনকিলাব

বাংলাদেশ ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 6

## শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে —রওশন এরশাদ

বেগম রওশন এরশাদ বলেন যে, জাতীয় উন্নয়ন বহুলাংশে শিক্ষা বিস্তারের উপর নির্ভরশীল। খবর বাসস'র।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## রওশন এরশাদ

প্রথম পৃষ্ঠার পর

গতকাল সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে এক বিরাট সমাবেশে বক্তৃতা করার সময় বেগম রওশন এরশাদ একথা বলেন।

তিনি বলেন, শিক্ষা হচ্ছে জাতির মেরুদণ্ড এবং বলেন যে, যখন সব লোক শিক্ষিত হবে শুধুমাত্র তখনই জাতি সত্যিকার অগ্রগতি লাভ করবে।

শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টির জন্য প্রচেষ্টা চালানো হবে এবং সকলের জন্য সহজলভ্য করা হবে।

তিনি বলেন যে, শিক্ষা দানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অবশ্যই উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে।

তিনি ছাত্র ও শিক্ষকদের তাদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন এবং বলেন, তাদের যৌথ প্রচেষ্টা ছাড়া সেখানে কোন উপযুক্ত শিক্ষার ব্যবস্থা করা যাবে না।

তিনি বলেন, জাতি গঠনমূলক কর্মকাণ্ডের জন্য শিক্ষিত ও দক্ষ ব্যক্তি হচ্ছে মৌলিক সম্পদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রশাসক এম এ মালেক এমপি, কলেজের অধ্যক্ষ সৈয়দ মাহতাব উদ্দীন ও কলেজ সংসদের সহ-সভাপতি জনাব আলমগীর শিকদার লোটন ও সাধারণ সম্পাদক জাহাঙ্গীর শিকদার জোটনও বক্তৃতা করেন। কলেজ প্রাঙ্গণে বেগম রওশন এরশাদকে আন্তরীক সম্বর্ধনা দেয়া হয়। পরে তিনি ছাত্রদের ব্যবহারের জন্য তার পূর্বের প্রতিশ্রুতির বাস্তবায়নের জন্য কলেজ কর্তৃপক্ষের নিকট দুইটি বাস হস্তান্তর করেন।